

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউট, বগুড়া।
প্রতিষ্ঠান কোড : ২০০৯৯

স্মারক নং-৫৭.০৩.১০২০.৩০২.৯৯.০০৩.২০২৩-৯৯০

তারিখ : ০২/১১/২০২৩ খ্রিঃ

ফরম ফিলাপের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং- ৫৭.১৭.০০০.৩০১.৩১.০০২.২৩.২৭৩(১১), তারিখ ০১/১১/২০২৩খ্রিঃ তারিখ মোতাবেক ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের সংশ্লিষ্ট প্রবিধানভুক্ত শিক্ষার্থীদের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব নিয়মিত ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্ব অকৃতকার্য বিষয় ও ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০২৩ এবং ডিপ্লোমা ইন ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি শিক্ষাক্রমের ২০১৬ প্রবিধানভুক্ত ৬ষ্ঠ ও ৮ম পর্ব নিয়মিত এবং ৪র্থ, ৫ম, ও ৭ম পর্ব অকৃতকার্য বিষয় ও ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০২৩ আগামী ৩০ নভেম্বর, ২০২৩ খ্রিঃ রোজ বৃহস্পতিবার থেকে এ ইন্সটিটিউট কেন্দ্রে অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী যথাসময়ে নোটিশের মাধ্যমে অবহিত করা হবে।

২। প্রত্যেক পরীক্ষার্থীকে নিম্নবর্ণিত তারিখ ও মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে হবে।

পর্ব	টাকা জমা দেওয়ার শেষ তারিখ	টাকা প্রদানের মাধ্যম
২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব (নিয়মিত)	০৬/১১/২৩খ্রিঃ দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত	অনলাইন ব্যাংকিং মাধ্যম (রকেট)
২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব (অনিয়মিত)		ক্যাশিয়ারের কক্ষে রশিদ মূলে

রকেটে ফরম ফিলাপের ফি জমা দেয়ার পদ্ধতি


Dial *322# \Rightarrow Bill Pay \Rightarrow Self/Other \Rightarrow Other(Press-0) \Rightarrow Biller ID-4251
 \Rightarrow Bill Number (শিক্ষার্থীদের স্ব স্ব বোর্ড রোল)
 \Rightarrow Payment Successful.

৩। যে সকল অনিয়মিত পরীক্ষার্থী জুলাই-সেপ্টেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করেনি, তারা আসন্ন পর্ব সমাপনী পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক হলে বোর্ডের নির্ধারিত ফরমে আবেদন, পূর্ববর্তী পরীক্ষার প্রাপ্ত নম্বরপত্র, প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপিসহ একাডেমিক শাখায় রেজিস্ট্রারের স্বাক্ষর গ্রহণ সাপেক্ষে ক্যাশিয়ারের নিকট পরীক্ষার ফি জমা দিতে হবে।

৪। নির্ধারিত তারিখের মধ্যে কেহ টাকা জমা দিতে ব্যর্থ হলে এবং বোর্ড কর্তৃক এডমিট কার্ড ইস্যু না করলে তজ্জন্য কোন অবস্থাতেই ইন্সটিটিউট কর্তৃপক্ষ দায়ী থাকবেন না।

৫। বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে কেউ ফি জমা দিতে ব্যর্থ হলে ০৭/১১/২০২৩ খ্রিঃ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে ৩০০/- (তিনশত) টাকা বিলম্ব ফিসহ নগদে ক্যাশিয়ারের নিকট জমা দিতে হবে।

বিঃদ্রঃ বর্ণিত ফরম ফিলাপে টাকার হিসাবে কোন রকম গড়-মিল থাকলে উক্ত শিক্ষার্থীকে স্বশরীরে রেজিস্ট্রার শাখায় এসে রশিদে স্বাক্ষর নিয়ে ক্যাশ শাখায় টাকা সমন্বয় করে নেয়ার জন্য বলা হলো।


(মোঃ আবু সাইম জাহান)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)